

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

রবিবার, জানুয়ারি ২১, ২০২৪

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কৃষি মন্ত্রণালয়
উপকরণ-২ শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১২ পৌষ ১৪৩০/২৭ ডিসেম্বর ২০২৩

নং ১২.০০.০০০০.০২৬.৪০.০০১.২৩.৩৫০—আদিষ্ট হয়ে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে গত ১৭-১২-২০২৩ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সভার ২.৭ নং সিদ্ধান্ত/সুপারিশের পরিশ্রেফিকিতে ‘ACI Tricho-Biofertilizer’ নামীয় অনুজীব সার টেঁড়শ ফসলে ব্যবহারের জন্য এর আবেদনকারী প্রতিষ্ঠান Advanced Chemical Industries Limited, 245 Tejgaon Industrial Area, Dhaka-1208. এর অনুকূলে নিম্নবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলির আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হল :

১. বিনির্দেশ

Name of the Product : ACI Tricho-Biofertilizer

(শুধুমাত্র ‘টেঁড়শ’ ফসল উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে)

Parameter	ল্যাব পরীক্ষায় প্রাপ্ত গড় ফলাফল অনুযায়ী অনুমোদিত বিনির্দেশ
Fungal species	Trichoderma spp
Media	Powder media
Total count	Minimum 1.1×10^6 cfu/gram

২। শর্তাবলি :

- (ক) অনুজীব সারটির বস্তা/প্যাকেট/ বোতলের গায়ে সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের লেবেল লাগাতে হবে;

(৫৬৩)

মূল্য : টাকা ৪.০০

- খ) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখতে হবে, যথা :—
- i) অনুজীব সারের নাম (ব্র্যান্ড নাম যদি থাকে সেটিও উল্লেখ করতে হবে);
 - ii) অনুজীব সারে বিদ্যমান আবশ্যিকীয় উদ্ভিদ পুষ্টি উপাদান/অনুজীবের নাম এবং এর শতকরা হার/অনুজীবের সংখ্যা;
 - iii) অনুজীব সারের নীট ওজন;
 - iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুতকৃত-সেই দেশের নাম;
 - v) নিশ্চয়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);
 - vi) উৎপাদন ও মেয়াদ উত্তীর্ণের তারিখ এবং
 - vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)

রাষ্ট্রপতির আদেশক্রমে
নাইমা আফরোজ ইমা
সিনিয়র সহকারী সচিব।